সংবাদ

তারিখ: 30 OCT 2016
পৃষ্ঠা: ৬ কলাম: ৪

# রানীনগরে ৪৫ বছরেও নেই সরকারি হাইস্কুল

প্রতিনিধি, রানীনগর (নওগাঁ)

নওগাঁর রানীনগরে ৮টি ইউনিয়নে ৩৬টির মতো মাধ্যমিক পর্যায়ের স্কুল থাকলেও অদ্যবধি একটি স্কুলও সরকারিকরণ করা হয়নি। অথচ জেলার বিভিন্ন উপজেলায় সরকারি মাধ্যমিক স্কুল থাকলেও রানীনগর উপজেলাবাসী ও শিক্ষার্থীরা এই সুযোগ-সুবিধা থেকে বঞ্চিত হচ্ছে। উপজেলা সদরসহ গ্রামীণ জনপদে শত বছরের ঐতিহ্যবাহী প্রাচীনতম বেশ কয়েকটি সুনামখ্যাত মাধ্যমিক পর্যায়ের শিক্ষাপ্রতিষ্ঠান থাকলেও রহস্যজনক কারণে স্বাধীনতার ৪৫ বছর পরেও কোন একটি প্রতিষ্ঠানকেও সরকারিকরণ করা হয়নি। অথচ শিক্ষা ক্ষেত্রে যুগ যুগ ধরে নওগাঁ সদরের পরেই নিজের স্থান ধরে রেখেছে এই উপজেলার শিক্ষাপ্রতিষ্ঠানগুলো। ১৮৪২ সালে বিশ্ব কবি রবীন্দ্রনাথ ঠাকুরের স্মৃতি-বিজড়িত কালীগ্রাম পরগনায় রাতোয়াল আর এন উচ্চ বিদ্যালয় স্থাপিত হয়। প্রতিষ্ঠার কয়েক যুগ ধরে শিক্ষার মান ও পাসের হার সফলতার সহিদ পার করলেও সরকারিকরণের আলোর মুখ দেখেনি। এরপর উপজেলা সদরের প্রাণ কেন্দ্রে ১৯৩৭ সালে স্থাপিত হয় রানীনগর পাইলট উচ্চ বিদ্যালয়। বিদ্যালয়টি প্রতিষ্ঠার পর থেকে অদ্যবদি পর্যন্ত এখান থেকে শিক্ষা কার্যক্রমসহ সব পর্যায়ের সফলতার স্বাক্ষর বহন করে চলছে। তার পুরস্কার স্বরূপ প্রতিষ্ঠানটি সরকারিকরণ করা না হলেও ২০১৪ সালে রানীনগর মডেল উচ্চ বিদ্যালয় হিসেবে ঘোষণা করা হয় এবং মডেলের কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনা ও বাস্তবায়নের জন্য আধুনিক স্থাপনাসহ অন্যান্য সুযোগ-সুবিধা প্রদান করা হয়।

এই উপজেলার কমলমতি ছাত্রছাত্রীদের সাধারণ শিক্ষার পাশাপাশি ইসলামিক শিক্ষা প্রসারে উপজেলার বিভিন্ন এলাকার বেশকিছু ইসলামপ্রেমী মানুষরা ব্যক্তিগত উদ্যোগে প্রায় ৭টি দাখিল মাদ্রাসা নির্মাণ করে। এই সব প্রতিষ্ঠান থেকে সাধারণ শিক্ষাসহ ইসলাম শিক্ষার আলো ছড়িয়ে দিয়ে সুখ্যাতি অর্জন করে চলেছে। পারইল ইউনিয়নের ভেটি মাদ্রাসাটি দীর্ঘদিনের পুরাতন হলেও পাঠদান ও ফলাফলে সফলতা থাকায় হাজার হাজার ছেলেমেয়ে এই প্রতিষ্ঠান থেকে পাস করে বাস্তব জীবনে রাষ্ট্রের অনেক গুরুত্বপূর্ণ পদে চাকরি করে আসছে। অন্যান্য প্রতিষ্ঠানগুলোও উপযুক্ত গণগত মানের শিক্ষা কার্যক্রম চালিয়ে যাচ্ছে। সবচেয়ে বেশি পুরাতন ভেটি মাদ্রাসাটি প্রতিষ্ঠা হওয়ার পর থেকে নানা রকমের সংকটময় পরিস্থিতি কেটে উঠে আজ এই ডিজিটাল তথ্য প্রযুক্তির যুগের সঙ্গে তাল মিলে মানসম্পূর্ণ শিক্ষা ছড়িয়ে দিতে এলাকায় শ্রেষ্টত্ব ধরে রাখতে স্বক্ষমতার পরিচয় দিয়ে আসছে। এলাকাবাসীর দাবি আমাদের উপজেলায় মাধ্যমিক পর্যায়ের একটি স্কুল সরকারিকরণ হলে স্থানীয়রা শিক্ষা ক্ষেত্রে অনেক সুযোগ-সুবিধা পাবে। তাই স্থানীয় সংসদ সদস্য ইসরাফিল আলম এমপির সুনজর কামনা করছেন এলাকাবাসী। রানীনগর মডেল পাইলট উচ্চ বিদ্যালয়ের ভারপ্রাপ্ত প্রধান শিক্ষক আবদুস সোবাহান মৃধা জানান, নওগাঁ জেলাতে বেশ কয়েকটি উপজেলায় মাধ্যমিক পর্যায়ে সরকারি বিদ্যালয় আছে। দুঃখজনক হলেও সত্য যে স্বাধীনতার দীর্ঘ সময় অতিবাহিত হলেও রানীনগর উপজেলায় শিক্ষা ব্যবস্থা ও প্রতিষ্ঠানের ডিজিটাল সময়ের সঙ্গে পাল্লা দিয়ে উন্নয়ন হয়নি। তাই এখানে একটি স্কুল সরকারি হলে শিক্ষার মান আমল পরিবর্তনসহ স্থানীয়রা সরকারি শিক্ষা ব্যবস্থার আওতায় এসে উপকৃত হবে। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার শেখ মো. আবদুল্লাহ আল মামুন জানান, এখানে ৩৬টি মাধ্যমিক পর্যায়ের স্কুল আছে। অনেক পুরাতন প্রতিষ্ঠান থাকলেও এই পর্যন্ত কোন সরকারি কোন বিদ্যালয় নেই। তাই সরকারি নির্দেশনা পাওয়ার পর সরকারিকরণের জন্য ৫টি বিদ্যালয়ের নামের তালিকা সংশ্লিষ্ট উর্ধ্বতন কর্তৃপক্ষ বরাবর প্রেরণ করেছি। আসা করি খুব শীঘ্রই রানীনগর বাসির জন্য সরকারিকরণের সুসংবাদ আসবে।